

কতিপয় কোচিং সেন্টার

সম্পর্কে নটরডেম কলেজের

প্রিন্সিপালের বক্তব্য

বিদ্যাবিন্যাসের রিপোর্টার # নটরডেম কলেজের প্রিন্সিপাল ফাদার বেগামিন ক্তা, সিএসসি কর্তৃক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্প্রতি লক্ষ্য করা গেছে, কতিপয় কোচিং সেন্টার ঐতিহ্যবাহী নটরডেম কলেজের নাম ব্যবহার করে প্রতারণার আশ্রয় নিয়ে যথার্থী ছাত্র ও তাদের অভিভাবকদের বিভ্রান্ত করার চেষ্টা চালাচ্ছে। তারা (৫ম পৃঃ ৩-এর কঃ ৫ঃ)

কতিপয় কোচিং সেন্টার

(৩য় পৃঃ পর) •

এ কলেজের নামে পত্র-পত্রিকায় জিহ্মাশন দিচ্ছে এবং কলেজের লোগো, কলেজ ভবন ও মাতা মেরীর মোজাইক চিত্রের ফটো ব্যবহার করে প্রচার-পত্রিকা ছেপে তা বিলি করছে এবং এখানে সেখানে পোষ্টার ও ব্যানার লাগাচ্ছে। এভাবে তারা নটরডেম কলেজের ভাবমূর্তি ও সুনাম ধ্বংস করেছে। এসব কোচিং সেন্টারের সাথে নটরডেম কলেজের কোনরূপ সম্পৃক্ততা নেই। প্রসঙ্গক্রমে জানানো যাচ্ছে যে, এসব

কোচিং সেন্টারে যারা ভর্তি হবে বা পড়াশুনা করবে তাদেরকে নটরডেম কলেজের ভর্তি পরীক্ষায় পাস করানো হবে না।